

তারা হৃদয় দিয়ে উপলব্ধি করে না,
চোখ দিয়ে দেখে না,
কান দিয়ে শোনে না, বরং
তারা পশু অপেক্ষাও বিভ্রান্ত

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: তারা হৃদয় দিয়ে
উপলব্ধি করে না, চোখ দিয়ে দেখে না, কান দিয়ে শোনে না,
বরং তারা পশু অপেক্ষাও বিভ্রান্ত।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা ৭ আল আ'রাফ , আয়াতঃ ১৭৯

وَلَقَدْ ذَرَأْنَا لِجَهَنَّمَ كَثِيرًا مِّنَ الْجِنِّ وَالإِنسِ لَهُمْ قُلُوبٌ لَّا يَفْقَهُونَ بِهَا وَهُمْ أَعْيُنٌ
لَّا يُبْصِرُونَ بِهَا وَهُمْ آذَانٌ لَّا يَسْمَعُونَ بِهَا أُولَئِكَ كَالْأَنْعَامِ بَلْ هُمْ أَضَلُّ
أُولَئِكَ هُمُ الْغَافِلُونَ (179)

আমরা জাহান্নামের জন্যই তৈরী করেছি জিন ও ইনসানের অনেককে। তাদের হৃদয় আছে তবে তা দিয়ে তারা উপলব্ধি করে না, তাদের চোখ আছে তবে তা দিয়ে তারা দেখে না, তাদের কান আছে, তবে তা দিয়ে তারা শোনে না। এরা হলো পশুর মত। বরং তারা আরোও অধিক বিভ্রান্ত এবং তারা উদাসীন।

ব্যখ্যাঃ ইবনে কাসীরঃ জিন ও মানুষকে জাহান্নামের জন্য সৃষ্টি করেছি অর্থাৎ আমি ইহা তাদের জন্যই তাদের আমলের ক্রমানুপাত হিসাবে তৈরী করে রেখেছি। আল্লাহ তা'য়লা যখন কোন কিছু সৃষ্টি করতে ইচ্ছা করেন, তখন ঐ সৃষ্টি অস্তিত্বে আসার আগেই তিনি জানেন যে তার আমল কেমন হবে।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হচ্ছেঃ

সূরা ৪৬ আল আহকাফ, আয়াতঃ ২৬

وَجَعَلْنَا لَهُمْ سَمْعًا وَأَبْصَارًا وَأَفْئِدَةً فَمَا أَغْنَىٰ عَنْهُمْ سَمْعُهُمْ وَلَا أَبْصَارُهُمْ وَلَا أَفْئِدَتُهُمْ مِّنْ شَيْءٍ إِذْ كَانُوا يَجْحَدُونَ بِآيَاتِ اللَّهِ

অর্থঃ এবং আমরা তাদের দিয়েছিলাম কর্ণ, চক্ষু, ও হৃদয়। কিন্তু ঐ কর্ণ, চক্ষু ও হৃদয় তাদের কোন কাজেই আসেনি। কেননা তারা আল্লাহর আয়াতসমূহ অস্বীকার করেছিল।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ২ আল বাকারা, আয়াতঃ ১৮

صَمُّكُمْ عُنِيَ فَهُمْ لَا يَرْجِعُونَ (18)

তারা বোধির, বোবা, অন্ধ। অতএব তারা (হেদায়েতের পথে) ফিরে আসবে না।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হচ্ছেঃ

সুরা ২২ আল হাজ্জ, আয়াতঃ ৪৬

فَإِنَّهَا لَا تَعْمَى الْأَبْصَارُ وَلَكِنْ تَعْمَى الْقُلُوبُ الَّتِي فِي الصُّدُورِ (46)

বস্তুতঃ চক্ষু তো অন্ধ নয়। বরং অন্ধ হচ্ছে বক্ষঃস্থিত হৃদয়। কাফিররা কুফরী ও শিরক করেছে। পক্ষান্তরে যারা আল্লাহর আনুগত্য স্বীকার করেছে তারা কিয়ামতের দিন ফেরেশতাদের চেয়েও শ্রেষ্ঠ বলে গণ্য হবে। কিন্তু যারা কুফরী করেছে তারা পশুর মত কিংবা তার চেয়েও নিকৃষ্ট বলে গণ্য হবে।

প্রিয় ভাই ও বোনেরা, আল্লাহর ইবাদত করার জন্যই আমাদেরকে সৃষ্টি করা হয়েছে। আমরা হৃদয় দিয়ে কোরআন ও হাদীস বোঝার চেষ্টা করি এবং আল্লাহ ও রাসুলের নির্দেশ মোতাবেক আমল করার প্রানান্তকর প্রচেষ্টা সাধনা করি। প্রতিনিয়ত আল্লাহর কাছে সাহায্য কামনা করি। আল্লাহ আমাদের ত্রুটিগুলো ক্ষমা করে সঠিক পথ প্রদর্শন করুন।
আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু।

.....